

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।



www.dam.gov.bd

নথি নং-১২.০২.০০০০.০১৬.০৬.০০৪.১৮-১৬৬

তারিখঃ ০৮/০৬/২০২২ খ্রিঃ

বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের মে/২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

কৃষি বিপণন অধিদপ্তরের মে/২০২২ মাসের সমন্বয় সভা ৩০ মে/২০২২ তারিখে প্রধান কার্যালয়ে সশরীরে ও Zoom Platform এ অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী নির্দেশক্রমে নিম্নরূপ কার্যব্যবস্থার অনুরোধসহ এতদসঙ্গে প্রেরণ করা হলো।

১. কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ১৫ জুন, ২০২২ তারিখের মধ্যে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করবেন যাতে পরবর্তী সমন্বয় সভার কার্যপত্রে সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উল্লেখ করা যায়। জুন/২০২২ মাসের সমন্বয় সভার কার্যপত্রে অন্তর্ভুক্তির জন্য কোনো বিষয় থাকলে সংশ্লিষ্ট সকলকে তা আগামী ১২ জুন, ২০২২ তারিখের মধ্যে প্রশিক্ষণ ও সমন্বয় শাখায় (সফটকপি adtc@dam.gov.bd মেইলে) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

০৮/৬/২২
(ইকবাল হোসেন চাকলাদার)
উপপরিচালক (আরইটিসি)

ফোনঃ ৫৫০২৮৩৯১

e-mail: chakladerbau@gmail.com

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

.....
.....
.....



কৃষি বিপণন অধিদপ্তরে সশরীরে/Zoom Platform এ অনুষ্ঠিত মে, ২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : আঃ গাফফার খান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

তারিখ ও সময় : ৩০ মে, ২০২২, সকাল ১১:০০ ঘটিকা।

স্থান : সভা কক্ষ/অনলাইন প্ল্যাটফর্ম, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।

২.০ আলোচনা ও সিদ্ধান্তঃ

কৃষি বিপণন অধিদপ্তরের সদর দপ্তরে সশরীরে/Zoom Platform এ অনুষ্ঠিত সমন্বয় সভায় সভাপতি সদর দপ্তর, বিভাগীয়, আঞ্চলিক, জেলা ও উপজেলা কার্যালয়ের অংশগ্রহণকারী কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর গত ২৫/০৪/২০২২ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিত করা হয়। Power Point Presentation এর মাধ্যমে সভায় নির্ধারিত আলোচ্যসূচী উপস্থাপন করা হয়। সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র:নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা
১.	বাজার সংযোগ শাখার কার্যক্রম	১: ক) বাজারে আলোচিত কৃষিপণ্যের মূল্য বৃদ্ধির প্রকৃত কারণ ও করণীয় নির্ধারণে সংক্ষিপ্ত প্রতিবেদন উপস্থাপন করতে হবে। এছাড়া বাজার তদারকি বাড়াতে হবে এবং সঠিক বাজারদর সংগ্রহ করতে হবে।	উপপরিচালক (বাজার সংযোগ)/বিভাগীয় উপপরিচালক(সকল)/জেলা কর্মকর্তা (সকল)
		খ) প্রতিটি জেলা ও ঢাকার প্রধান প্রধান বাজারে যৌক্তিক মূল্য সংক্রান্ত বিস্তারিত প্রতিবেদন প্রতিমাসের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	উপপরিচালক (বাজার সংযোগ)/বিভাগীয় উপপরিচালক(সকল)/ জেলা কর্মকর্তা (সকল)
		গ) চালান ছাড়া যেন কোন পণ্য ক্রয় না হয় মোবাইল কোর্টের মাধ্যমে সেটি নিশ্চিত করতে হবে।	উপপরিচালক (বাজার সংযোগ)/বিভাগীয় উপপরিচালক(সকল)/জেলা কর্মকর্তা (সকল)
২.	গবেষণা শাখার কার্যক্রম	ক) মৌসুম ভিত্তিক বিভিন্ন কৃষিপণ্যের উৎপাদন খরচ ও মূল্য বিস্তৃতি প্রতিবেদন (price spread analysis report) দাখিল করতে হবে। উৎপাদন খরচ সংক্রান্ত উপাত্ত সংগ্রহের নিমিত্ত প্রতি জেলা হতে ১০০ (একশত) জন করে কৃষকের তালিকা সদর দপ্তরে প্রেরণ করতে হবে।	উপপরিচালক (গবেষণা)/ বিভাগীয় উপপরিচালক (সকল)/এসএএমও/এএমও (সকল)
		খ) পণ্যের মূল্য কেন বাড়ে এবং কিভাবে বাড়ে এ বিষয়ে অবশিষ্ট ডাটা সংগ্রহপূর্বক গবেষণাধর্মী বই প্রকাশ দ্রুত সম্পন্ন করতে হবে।	উপপরিচালক (গবেষণা)
		গ) সয়াবিন তেল আমদানীর উপর একটি প্রতিবেদন উপস্থাপন করতে হবে (কোন কোন দেশ থেকে আমদানী করা হয়, বিশ্ব বাজারে বর্তমান মূল্য, বাংলাদেশে চাহিদা, আমদানী পরিস্থিতি, আমদানী খরচ ইত্যাদি)	উপপরিচালক (গবেষণা)/ বিভাগীয় উপপরিচালক (সকল)/জেলা কর্মকর্তা (সকল)
৩.	নীতি ও পরিকল্পনা শাখার কার্যক্রম	ক) কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্পের আওতায় নির্মিতব্য জেলা অফিস ছাড়াও অবশিষ্ট জেলা অফিস ভবন নির্মাণের জন্য জমি অধিগ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। জমি অধিগ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট	উপপরিচালক (নীতি ও পরিকল্পনা)/বিভাগীয় উপপরিচালক (সকল)/জেলা ও

